গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিচালকের কার্যালয়
সরকারি কর্মচারী হাসপাতাল
ফুলবাড়িয়া, ঢাকা।

নম্বর- ০৫.৮৭.০০০০.০০০.৩৪.০০৪.২০-

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
০১ জুন ২০২৩ খ্রি.

## সভার নোটিশ

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী কার্যক্রম ১.২ অনুসরণে সিটিজেনস্ চার্টার-এর উন্নয়ন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও হালনাগাদকরণ এবং সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণের জন্য গঠিত কমিটির ৪র্থ সভা আগামী ০৫.০৬.২০২৩ তারিখ সকাল ১০.০০ টায় নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে পুরাতন ভবনের সভা কক্ষে অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির সকল সদস্যবৃন্দকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচি
(ক) সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়ন অগ্রগতি;
(খ) সিটিজেনস চার্টার বাস্তবায়ন পর্যবেক্ষণ;
(গ) সিটিজেনস্ চার্টার সংক্রান্ত অন্যান্য কার্যাদি।

০১.০৬.২০২৩
(মোঃ দিদারুল ইসলাম)
উপসচিব
ও
সভাপতি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি

বিতরণ: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে:
১। পরিচালক (অতিরিক্ত সচিব), সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা।
২। ডা. মুহাম্মদ তানজীরুল ইসলাম, সিনিয়র কনসালটেন্ট (শিশু) ও সদস্য, সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি, সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা।
৩। জনাব অতীশ দর্শী চাকমা, সিনিয়র সহকারী সচিব ও সদস্য সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি, সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা।
৪। মেডিকেল অফিসার ও সদস্য, সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি, সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা।
৫। জনাব চন্দন কুন্ডু, পুষ্টিবিদ ও সদস্য সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি, সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা।
৬। অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিচালকের কার্যালয়
সরকারি কর্মচারী হাসপাতাল
ফুলবাড়িয়া, ঢাকা।

সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী কার্যক্রম ১.২ অনুসরণে সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণের জন্য গঠিত কমিটির ৪র্থ সভায় উপস্থিত কর্মকর্তাদের উপস্থিতি:

সভার তারিখ: ০৫.০৬.২০২৩ তারিখ সকাল ১০.০০ টা।

| ক্র. | কর্মকর্তার নাম ও পদবি | ফোন/মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মোঃ দিদারুল ইসলাম<br>উপসচিব ও সভাপতি সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি<br>সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা। | 01818033017 | 05.6.23 |
| ২ | ডা. মুহাম্মদ তানজীরুল ইসলাম<br>সিনিয়র কনসালটেন্ট (শিশু) ও সদস্যসচিব<br>সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি<br>সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা। | 01715066590 | 5.6.26 |
| ৩ | ডা. সোনিয়া শারমিন<br>মেডিকেল অফিসার ও সদস্য<br>সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি<br>সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা। | | Sharmin 5.6.23 |
| ৪ | মামুন মাহবুব<br>সহকারী সচিব ও সদস্য<br>সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি<br>সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা। | 01711524294 | 05/06/23 |
| ৫ | চন্দন কুন্ডু<br>পুষ্টিবিদ ও সদস্য<br>সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি<br>সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা। | 01671-121974 | 5.6.23 |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিচালকের কার্যালয়
সরকারি কর্মচারী হাসপাতাল
ফুলবাড়িয়া, ঢাকা।

সরকারি কর্মচারী হাসপাতালের সিটিজেন চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি) পরিবীক্ষণ কমিটির ২০২২-২৩ অর্থবছরের ৪র্থ সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ দিদারুল ইসলাম, উপসচিব ও সভাপতি সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি, সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা। |
| সভার তারিখ | : ০৫.০৬.২০২৩ খ্রি. |
| সভার সময় | : সকাল ১১.০০ ঘটিকা। |
| স্থান | : নতুন ভবনের সভাকক্ষ। |
| উপস্থিতি | : পরিশিষ্ট- ক |

সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। তিনি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত সিটিজেন চার্টার বিষয়ক নির্দেশিকার বিধানাবলি অনুসরণ করার জন্য সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে অনুরোধ জানান। সরকারি কর্মচারী হাসপাতালের সিটিজেন চার্টারে বর্ণিত সেবা অনুযায়ী সাধারণ মানুষ যাতে সহজে সেবা পেতে পারে তার জন্য এ হাসপাতাল বদ্ধ পরিকর মর্মে সভাকে অবহিত করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সদস্যসচিব ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা বিস্তারিত উপস্থাপন করেন।

২। পরিবীক্ষণ কমিটির সদস্যসচিব জানান, গত ২০.০৩.২০২৩ তারিখের ৪৩ নং স্মারকে সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হয়েছে। আজকের সভা চলতি অর্থবছরে চতুর্থ ত্রৈমাসিকে পুনর্গঠিত পরিবীক্ষণ কমিটির ৪র্থ সভা। এ কমিটি পূর্ববর্তী কমিটি কর্তৃক গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণের পাশাপাশি এ হাসপাতালের সিটিজেন চার্টার বাস্তবায়ন ও সেবা প্রদান কার্যক্রম পরিবীক্ষণ করবে।

৩। সহকারী সচিব ও সদস্য সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি মামুন মাহবুব বলেন যে, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদ করা হচ্ছে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের প্রতিবেদন, সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং ওয়েবসাইটের নির্দিষ্ট অংশে আপলোড করা হয়েছে। এছাড়া পরিবীক্ষণ কমিটির সদস্য পরিবর্তন হওয়ায় পুনর্গঠিত কমিটির অফিস আদেশ ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

৪। সদস্যসচিব জানান, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী দ্বৈবচয়ন ভিত্তিতে সেবাগ্রহিতার নিকট হতে প্রদত্ত সেবার বিষয়ে প্রাপ্ত প্রতিক্রিয়া ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। তিনি আরও বলেন যে, কর্মপরিল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ০২টি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৫। সভাপতি বলেন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিবীক্ষণ কমিটির ৪র্থ সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করতে হবে। এছাড়া সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ৪র্থ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৬। পরিশেষে সভাপতি সকলের সুস্বাস্থ্য কামনা করে এবং সিটিজেন চার্টার বাস্তবায়নে সকলকে আন্তরিকভাবে কাজ করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫.০৬.২৩

মোঃ দিদারুল ইসলাম
উপসচিব
ও সভাপতি
সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি
সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা।

নম্বর: ০৫.৮৭.০০০০.০০০.৩৪.০০৪.২০- ৯৭৫ তারিখ: ০৫.০৬.২০২৩ খ্রি.

অবগতি ও কার্যার্থে অনুলিপে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (সিআর)।
২। পরিচালক (অতিরিক্ত সচিব), সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা।
৩। উপপরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা।
৪। সিনিয়র সহকারী সচিব, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা।
৫। ডা. মুহাম্মদ তানজীরুল ইসলাম, সিনিয়র কনসালটেন্ট (শিশু) ও সদস্যসচিব, সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি, সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা।
৬। মেডিকেল অফিসার ও সদস্য, এপিএ টিম, সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা।
৭। জনাব চন্দন কুন্ডু, পুষ্টিবিদ ও সদস্য সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি, সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা।
৮। অফিস নথি।

০৫/০৬/২৩

(মামুন মাহবুব)
সহকারী সচিব
ফোন: ২২৩৩৮৬৭০৮
ই-মেইল: geh@mopa.gov.bd